গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়
মানিকগঞ্জ।

অফিস আদেশ ঃ ৮১ (জি) তারিখ ঃ ১৮-০৩-২০১৮ খ্রীঃ।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিগত ০৭/০৫/২০১৭ খ্রীঃ তারিখের বিজ্ঞপ্তি নং-০৩/২০১৭ এ মূলে প্রত্যেক জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসিতে পুলিশ-ম্যাজিস্ট্রেসী কনফারেন্স আয়োজনে একজন ম্যাজিস্ট্রেটকে ০৬ (ছয়) মাসের জন্য ফোকাল পার্সন নিয়োগ করার নির্দেশনা প্রদান করিয়াছেন। উক্ত নির্দেশনা মোতাবেক নিয়োগপ্রাপ্ত ফোকাল পার্সন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বেগম নিভানা খায়ের জেসী ০১ (এক) মাসের অবকাশ কালীন ছুটিতে থাকায় বিগত ০১/০১/২০১৮ খ্রীঃ তারিখের ০২(জি) নং আদেশ রদ-রহিত পূর্বক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অত্র ম্যাজিস্ট্রেসীর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বেগম ইয়াছমিন আরা-কে ফোকাল পার্সন নিয়োগক্রমে তাঁহাকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে পুলিশ-ম্যাজিস্ট্রেসী কনফারেন্স ফোকাল পার্সন এর দায়িত্ব পালনের নির্দেশ দেওয়া গেল। তিনি মহামান্য সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক কনফারেন্স আয়োজনের সকল দায়িত্ব পালন করিবেন এবং অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ এতদ্‌বিষয়ে তাঁহাকে সহায়তা প্রদান করিবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হউক।

স্বা/-
(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।

স্মারক নং-সিজেএম/মানিক/জেএম- ৬১৮(১৬)/১৮ তারিখ ঃ-১৮-০৩-২০১৮ খ্রীঃ।

আদেশের অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ

১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ,মানিকগঞ্জ।

আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ হইল ঃ

২। জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ।
৩। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
৪। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ।
৫-৭। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আদালত নং-৩/৪/৫,মানিকগঞ্জ।
৮-১১। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,আদালত নং- ৬/৭/৮/৯ , মানিকগঞ্জ।
১২-১৩। ভারপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নেজারত/হিসাব বিভাগ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি, মানিকগঞ্জ।
১৪। কোর্ট ইন্সপেক্টর, মানিকগঞ্জ।
১৫। ফাইল কপি।
১৬। অফিস কপি।

(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।
১৮/০৩/১৮ ইং